

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৪.১২- ৮৬০

তারিখঃ ১৫/০৬/২০১৭

বিষয় : জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৪৩তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।


সূত্র : উল্লাপাড়া পৌরসভার স্মারক নং-উল্লা/পৌর/প্রকৌ/২০১৭/৬০, তারিখঃ ০১/০৬/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রেরিত পুনর্বিন্যাসকৃত প্রকল্প প্রস্তাব পর্যালোচনায় দেখা যায়, জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের অনুমোদন পত্রের সাথে সংযুক্ত শর্ত (কপি সংযুক্ত) মোতাবেক নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশিত/সংযুক্ত হয়নি:

১. পুনর্বিন্যাসকৃত প্রকল্প প্রস্তাবে কার্যক্রমের সাথে জলবায়ু পরিবর্তনের সম্পৃক্ততা সুস্পষ্টতা উল্লেখ করে সে আলোকে প্রকল্পের নাম সংশোধন করা হয়নি।
২. পুনর্বিন্যাসকৃত প্রকল্পের আওতায় দ্বৈততা পরিহারের প্রত্যয়ন পত্র।
৩. প্রকল্প কর্মকান্ড বরাদ্দকৃত অর্থের আনুপাতিক হারে বাস্তবায়নের বিষয়ে কোন প্রত্যয়ন পত্র।
৪. প্রকল্পের আওতায় নির্মাণ কাজ অন্তর্ভুক্ত থাকায় জলবায়ু সহনশীল(Climate Proof) কোন প্রত্যয়ন পত্র।
৫. যে বিভাগ/মন্ত্রণালয়ের rate schedule ব্যবহার করে ব্যয় প্রাক্কলন/নকশা করা হয়েছে সে সংশ্লিষ্ট বিভাগ/মন্ত্রণালয় হতে ব্যয় প্রাক্কলন/নকশার সঠিকতার বিষয়ে কোন প্রত্যয়ন পত্র।
৬. পুনর্বিন্যাসকৃত প্রকল্প প্রস্তাব বিসিসিটি কর্তৃক প্রণীত সর্বশেষ নির্ধারিত ছক (কপি সংযুক্ত) মোতাবেক প্রেরণ করা হয়নি।
৭. খাল পুনঃখননের নকশা পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রণীত ও অনুমোদিত হয়েছে এমন কোন কাগজাদি সংযুক্ত করা হয়নি।
৮. ৬০(ষাট) কার্যদিবসের মধ্যে পুনর্বিন্যাসকৃত প্রকল্প প্রস্তাব কেন প্রেরণ করা হয়নি তার কোন ব্যাখ্যা প্রদান করা হয়নি।

০২। এমতাবস্থায়, উপরোক্ত ত্রুটিসমূহ সংশোধনকরত জরুরি ভিত্তিতে পুনর্বিন্যাসকৃত প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ-----পাতা।


- ১৫/০৬/১৭
(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র,
উল্লাপাড়া পৌরসভা, সিরাজগঞ্জ।